



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/পঞ্চগড়-৩৪/২১

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৯
১৭ ফেব্রুয়ারি ২০২৩


বিষয়: রিট পিটিশন নং-১২২৭৯/২০২২ এ দরখাস্ত ১৯.০৯.২০২২ খ্রি. নিষ্পত্তি প্রসঙ্গে।

- সূত্র: ১. রিট পিটিশন নং-১২২৭৯/২০২২
২. নং-বামাশিবো/প্রশা/পঞ্চগড়-৩৪/০৯; তারিখ: ২২ জানুয়ারি ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার বোদা উপজেলাধীন লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত প্রভাষক (ইসলামের ইতিহাস) জনাব মো: আব্দুল হাকিম মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২২৭৯/২০২২ দায়ের করেন। রিট পিটিশন নং-১২২৭৯/২০২২ এর আদেশে জনাব মো: আব্দুল হাকিম এর ১৯.০৯.২০২২ খ্রি. তারিখের স্ব পদে পুনর্বহাল সংক্রান্ত আবেদন নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনা মোতাবেক বিগত ১৯.০৯.২০২২ খ্রি. তারিখের দরখাস্ত নিষ্পত্তির লক্ষ্যে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য অধ্যক্ষ, জনাব মো: আব্দুল হাকিম, প্রভাষক (সাময়িক বরখাস্তকৃত) এবং পরিচালনা কমিটির সভাপতিসহ সংশ্লিষ্ট সকলকে সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। শুনানীতে উভয় পক্ষ উপস্থিত হয়ে মৌখিক বক্তব্য প্রদান ও প্রয়োজনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র ও লিখিত বক্তব্যের বিস্তারিত পর্যালোচনায় দেখা যায় সাময়িক বরখাস্তকৃত প্রভাষক জনাব মো: আব্দুল হাকিম এর বরখাস্ত সংক্রান্ত বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল ও সালিশ কমিটি কর্তৃক নিষ্পত্তির জন্য অপেক্ষমান।

বর্ণিত অবস্থায় জনাব মো: আব্দুল হাকিম এর বরখাস্ত সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল ও সালিশ কমিটিতে মাদ্রাসার অধ্যক্ষ ইতোমধ্যে আবেদন করেছেন। আপিল ও সালিশ কমিটির সভায় তাঁর ১৯.০৯.২০২২ খ্রি. তারিখের দরখাস্তটি নিষ্পত্তি করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



(মো: সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১. অধ্যক্ষ, লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা
পো: মির্জাপুর, উপজেলা: বোদা, জেলা: পঞ্চগড়;
২. জনাব মো: আব্দুল হাকিম, লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা
পো: মির্জাপুর, উপজেলা: বোদা, জেলা: পঞ্চগড়;

নং-বামাশিবো/প্রশা/পঞ্চগড়-৩৪/

তারিখ: ফাল্গুন ১৪২৯
ফেব্রুয়ারি ২০২৩

সদয় অর্গতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, পঞ্চগড়;
৩. উপজেলা নির্বাহী অফিসার, বোদা, পঞ্চগড়;
৪. জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোদা, পঞ্চগড়;
৬. সভাপতি, লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, বোদা, পঞ্চগড়;
৭. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

(মো: ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd